গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, চট্টগ্রাম।

[নিলাম বিভাগ]
www.chc.gov.bd

নথি নং-৫/কা.হা.চট্ট/নিলাম/৮৭/ই-প্রকাশ্য নিলাম-০১/২০২৬ /৬৭৮৫ তারিখ: ০৩/১১/২০২৬ খ্রি.

বিষয়: ই-প্রকাশ্য নিলাম নং-০১/২০২৬ এর বিজ্ঞপ্তি প্রচার।

২। উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরের কর্ম উপযোগিতা ও সক্ষমতা বৃদ্ধি, বিদ্যমান কন্টেইনার জট ও এর ফলে উদ্ভূত নিরাপত্তাজনিত ঝুঁকি নিরসন, ভৌত ও আর্থিক নিরাপত্তাসহ জানমালের নিরাপত্তা নিশ্চিতকরণ ও রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধকল্পে চট্টগ্রাম বন্দরের অভ্যন্তরে রক্ষিত বিভিন্ন প্রকার পণ্য যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে আগামী ০৯/১১/২০২৬ খ্রি. তারিখে ই-প্রকাশ্য নিলাম নং-০১/২০২৬ অনুষ্ঠানের দিন ধার্য করা হয়েছে।

৩। জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং-৪৩/কাস্টমস/২০২৫/২০২৬, তারিখ: ১৭.০৮.২০২৬ খ্রি. এর অনুচ্ছেদ-৭(২)(খ)(অ)(১)(রর) অনুসারে কাস্টমস হাউস, ল্যান্ড কাস্টমস স্টেশন বা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের ক্ষেত্রে পণ্য গ্রহণের পরপরই সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার (অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার বা বিভাগীয় কর্মকর্তা) অনুমতিক্রমে সংশ্লিষ্ট নিলামকারী কর্তৃক প্রকাশ্য নিলামের সময় নির্ধারণ করতে হবে; এরপর কমপক্ষে ২ (দুই) কিলোমিটার পর্যন্ত চতুর্দিকে এবং নিকটবর্তী স্থানে উক্ত পণ্যের বাজার থাকলে সেখানে মাইকিং করার পাশাপাশি সংশ্লিষ্ট দপ্তরের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটেও প্রচারের ব্যবস্থা করতে হবে।

৪। নিলাম বিজ্ঞাপনে নিম্নরূপ শর্ত উল্লেখ থাকবে:

(ক) আগ্রহী নিলাম ক্রেতাগণ আগামী ০৪/১১/২০২৬ খ্রি. তারিখ সকাল ৯.০০ টা হতে ০৯/১১/২০২৬ খ্রি. তারিখ দুপুর ০২.০০ টা পর্যন্ত www.bangladeshcustoms.gov.bd, www.chc.gov.bd, www.nbr.gov.bd ওয়েবসাইটে উল্লিখিত E-Auction Management System (https://auction.bdcustoms.gov.bd) জামানত ও প্রয়োজনীয় দলিলাদি দাখিল জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং-৪৩/কাস্টমস/২০২৫/২০২৬, তারিখ: ১৭/০৮/২০২৬ খ্রি.-এর অনুচ্ছেদ ৭(২)(খ)(অ)(১)(ররর) অনুসারে নির্ধারিত সংরক্ষিত মূল্যের ৫ (পাঁচ) শতাংশ হারে জামানত যেকোনো তফসিলি ব্যাংক হতে "কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম" বরাবর ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিমান্ড ড্রাফট (ডিডি)-এর মাধ্যমে জমা প্রদান করতে হবে। উক্ত জামানতের অথেন্টিক স্ক্যান কপি ই-প্রকাশ্য নিলাম পোর্টালে অনলাইনে দাখিল করতে হবে। একই সঙ্গে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি-এর মূল কপি এবং প্রযোজ্য অন্যান্য দলিলাদি নির্ধারিত সময়ের মধ্যে (০৯/১১/২০২৬ খ্রি. তারিখ দুপুর ০২.০০ ঘটিকার মধ্যে) সিলগালাযুক্ত খামে কাস্টমস হাউস, চট্টগ্রামের নিলাম বিভাগ কাস্টমস (অকশন শেড) বা পি এ টু কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, চট্টগ্রাম এর কক্ষে রক্ষিত দরপত্র বাক্সে অবশ্যই দাখিল করতে হবে। এবং ০৯/১১/২০২৬ খ্রি. তারিখ দুপুর ০২.৩০ ঘটিকায় কাস্টমস হাউস, চট্টগ্রামের নিলাম শাখায় (কাস্টমস অকশন শেড) উন্মুক্ত করা হবে।

(খ) ই-প্রকাশ্য নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি শ্রেণির দরদাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, টিআইএন সনদ এবং হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র এবং দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন সনদ, টিআইএন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি-এর মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি দরপত্র বাক্সে জমা দিতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট দরপত্র বাতিল বলে গণ্য হবে। জমাকৃত জামানতের অর্থ ই-প্রকাশ্য নিলাম কার্যক্রম শেষে বিধি মোতাবেক ফেরত অথবা সমন্বয় করা হবে।

(গ) ই-প্রকাশ্য নিলামে অংশগহণ আগ্রহী নিলাম ক্রেতাগণ জাতীয় রাজস্ব বোর্ডের https://auction.bdcustoms.gov.bd এর মাধ্যমে নিবন্ধন/রেজিস্ট্রেশন অথবা বিডার লগইন করে উক্ত ই-প্রকাশ্য নিলামে অংশগ্রহণ করতে পারবেন। নির্ধারিত নিয়ম ও সময়সীমা অনুসরণ করে অনলাইনে দরপত্র দালিল করতে হবে।

Scanned with CamScanner

৫। আগামী ০৫/১১/২০২৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরেজমিন পণ্য পরিদর্শন করা যাবে।

03.11.২৬

নাজমুল হোসেন
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
কাস্টমস হাউস, চট্টগ্রাম।

গ্রাপক:

স্বত্বাধিকারী
মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬,
ষ্ট্র্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম।

নথি নং-৫/কা.হা.চট্ট/নিলাম/৮৭/ই-প্রকাশ্য নিলাম-০১/২০২৬ তারিখ: /১১/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস-১/২, কাস্টমস হাউস, চট্টগ্রাম;
২। জয়েন্ট কমিশনার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম;
৩। অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম;
৪। পিএ টু চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। পিএ টু কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ (ই-প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);
২। সিস্টেম এনালিস্ট, কাস্টমস হাউস, চট্টগ্রাম (ই-নিলাম বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);
৩। পরিচালক (ট্রাফিক), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম;
৪। রাজস্ব কর্মকর্তা (সকল), নিলাম শাখা, কাস্টমস হাউস, চট্টগ্রাম;
৫। গোলা কর্মকর্তা (নিলাম), কাস্টমস হাউস, চট্টগ্রাম;
৬। এল.পি.ও সুপার/অডিট অফিসার (টিএ)/নিরাপত্তা পরিদর্শক, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম;
৭। নোটিশ বোর্ড;
৮। অফিস কপি।

নাজমুল হোসেন
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।
[নিলাম বিভাগ]
www.chc.gov.bd

ই-প্রকাশ্য নিলাম নং-০১/২০২৬ এর বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস হাউস, চট্টগ্রামের নিলাম কার্যক্রমে গতিশীলতা আনয়ন, রাজস্ব আহরণ বৃদ্ধি, পণ্যজট নিরসন, বন্দরের ধারণক্ষমতার সর্বোত্তম ব্যবহার, সরকারি রাজস্ব সংরক্ষণ, রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধ এবং বাণিজ্য সহজীকরণের বৃহত্তর স্বার্থে নিলামযোগ্য পচনশীল পণ্যচালানসমূহ দ্রুত, স্বচ্ছ, প্রতিযোগিতামূলক ও আইনানুগভাবে নিষ্পত্তির লক্ষ্যে নির্দেশনা মোতাবেক এ দপ্তরের অফিস আদেশ নং-৪৫৪/কাস/অক/পলিসি/২০০০ (অংশ-১)/৬০৬১, তারিখ: ০৫/১০/২০২৬ খ্রি. অনুযায়ী ই-প্রকাশ্য নিলামের মাধ্যমে পচনশীল পণ্যাদি প্রকাশ্য নিলামে বিক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এ পরিপ্রেক্ষিতে, কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, চট্টগ্রাম-এর নির্দেশক্রমে নিম্নবর্ণিত লটসমূহের ই-প্রকাশ্য নিলাম নং-০১/২০২৬ আগামী **০৪/১১/২০২৬ খ্রি. হতে ০৯/১১/২০২৬ খ্রি. তারিখ, বিকাল ০২.০০ ঘটিকা** পর্যন্ত অনুষ্ঠিত হবে। লট/পণ্যের বিবরণ নিম্নরূপ:

ক্র নং	লট নং	বি/এল নং	পণ্যের বর্ণনা	নীট ওজন (কেজি)	সংরক্ষিত মূল্য (টাকা)	কন্টেইনার নং/লোকেশন	মন্তব্য
(1)	(2)	(3)	(4)	(5)	(6)	(7)	(8)
1	OBPC-(RSGT)-79/26	AMJ0279145B	Fresh Apple	23,720	46,41,619.21	BEAU9704029 X 40' RSGT-SCY	আলোচ্য পণ্যচালানসমূহের ক্ষেত্রে বাংলাদেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে কোয়ারেন্টাইন, রেডিয়েশন ও ফরমালিন সনদ প্রযোজ্য।
2	OBPC-(RSGT)-80/26	AMJ0279145A	Fresh Apple	23,720	46,41,619.21	TTNU8621640 X 40' RSGT-SCY	
3	OBPC-1/290/26	MEDUWA072315	Fresh Ginger	24,300	27,02,439.79	OTPU1074689 X 40' Yard-D	আলোচ্য পণ্যচালানসমূহের ক্ষেত্রে বাংলাদেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে কোয়ারেন্টাইন সনদ প্রযোজ্য।
4	OBPC-1/791/26	MEDUXS761039	Fresh Ginger	27,000	30,02,710.88	MSDU9156777 X 40' Yard-NCT	
5	OBPC-1/792/26	MEDUXS761021	Fresh Ginger	27,000	30,02,710.88	MSDU9166332 X 40' Yard-NCT	

১। **পণ্য পরিদর্শন:** আগ্রহী ক্রেতাগণ **আগামী ০৫/১১/২০২৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন** সংশ্লিষ্ট পণ্যচালানসমূহ সরেজমিনে পরিদর্শন করতে পারবেন। পণ্য যেখানে যে অবস্থায় রয়েছে, সে অবস্থায় বিক্রয় করা হবে। অতএব, নিলামে অংশগ্রহণের পূর্বে পণ্যের প্রকৃতি, পরিমাণ, গুণগত মান ও বর্তমান অবস্থা সরেজমিনে যাচাই করে দরপত্র দাখিলের জন্য আগ্রহী ক্রেতাগণকে অনুরোধ করা যাচ্ছে। নিলামের দর উন্মুক্তকরণের পর পণ্যসংক্রান্ত কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

২। **জামানত ও প্রয়োজনীয় দলিলাদি দাখিল:** জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং-৪৩/কাস্টমস/২০২৫/২০২৬, তারিখ: ১৭/০৮/২০২৬ খ্রি.-এর অনুচ্ছেদ ৭(২)(খ)(অ)(১)(iii) অনুসারে নির্ধারিত সংরক্ষিত মূল্যের ৫ (পাঁচ) শতাংশ হারে জামানত যেকোনো তফসিলি ব্যাংক হতে "কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম" বরাবর ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিমান্ড ড্রাফট (ডিডি)-এর মাধ্যমে জমা প্রদান করতে হবে। উক্ত জামানতের অর্থের স্ক্যান কপি ই-প্রকাশ্য নিলাম পোর্টালে অনলাইনে দাখিল করতে হবে। একই সঙ্গে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি-এর মূল কপি এবং প্রযোজ্য অন্যান্য দলিলাদি ০৯/১১/২০২৬ খ্রি. তারিখ দুপুর ০২.০০ ঘটিকার মধ্যে সিলগালাযুক্ত খামে **কাস্টমস হাউস, চট্টগ্রামের নিলাম বিভাগ (কাস্টমস অকশন শেড)** বা **পি এ টু কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, চট্টগ্রাম** এর কক্ষে রক্ষিত দরপত্র বাক্সে অবশ্যই দাখিল করতে হবে।

নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি শ্রেণির দরদাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, টিআইএন সনদ এবং হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র এবং দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন সনদ, টিআইএন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি-এর মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি দরপত্র বাক্সে জমা দিতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট দরপত্র বাতিল বলে গণ্য হবে। জমাকৃত জামানতের অর্থ ই-প্রকাশ্য নিলাম কার্যক্রম শেষে বিধি মোতাবেক ফেরত অথবা সমন্বয় করা হবে।

৩। **ই-প্রকাশ্য নিলামে অংশগ্রহণ:** আগ্রহী নিলাম ক্রেতাগণ **https://auction.bdcustoms.gov.bd** এর মাধ্যমে নিবন্ধন/রেজিস্ট্রেশন অথবা বিডার লগইন করে উক্ত ই-প্রকাশ্য নিলামে অংশগ্রহণ করতে পারবেন। নির্ধারিত নিয়ম ও সময়সীমা অনুসরণ করে অনলাইনে দরপত্র দাখিল করতে হবে।

৪। **দরপত্র উন্মুক্তকরণ:** নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র বাক্সে দাখিলকৃত সিলগালাযুক্ত খামসমূহ আগামী ০৯/১১/২০২৬ খ্রি. তারিখ দুপুর ০২.৩০ ঘটিকায় কাস্টমস হাউস, চট্টগ্রামের নিলাম শাখায় (কাস্টমস অকশন শেড) উন্মুক্ত করা হবে।

৫। **নিলামমূল্য পরিশোধ ও পণ্য খালাস:** ই-প্রকাশ্য নিলামে প্রাপ্ত সর্বোচ্চ দর অনুমোদিত হলে সংশ্লিষ্ট পণ্যচালান সর্বোচ্চ দরদাতার অনুকূলে বিক্রয় করা হবে। অনুমোদিত সর্বোচ্চ ডাকমূল্যের ওপর সরকারি বিধি অনুযায়ী ১০% হারে অগ্রিম আয়কর এবং ১৫% হারে মূসক (ভ্যাট) পরিশোধসহ ডাকমূল্যের অবশিষ্ট অর্থ নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করতে হবে। অর্থ পরিশোধের পর প্রযোজ্য আইন ও বিধি-বিধান অনুসরণপূর্বক দ্রুততম সময়ে সংশ্লিষ্ট পণ্য খালাস গ্রহণ করতে হবে।

৬। **অন্যান্য শর্তাবলি:** নিলামকৃত পণ্য খালাসের ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২৬–২০২৯-এর প্রযোজ্য শর্তাবলি প্রতিপালন করতে হবে। এ ছাড়া, সংশ্লিষ্ট পণ্যচালানের বিষয়ে কোনো মামলা বা আইনগত বাধা রয়েছে কি না, তা যাচাই এবং বিদ্যমান অন্যান্য আইন ও বিধি-বিধানের প্রযোজ্য শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে পণ্য খালাসযোগ্য হবে। প্রযোজ্য ক্ষেত্রে খালাস পর্যায়ে পণ্যের বর্ণনা, পরিমাণ ও ওজন নিশ্চিত করতে হবে। নিলামে অংশগ্রহণকারী সকল আগ্রহী ক্রেতাকে উপর্যুক্ত শর্তাবলি অনুসরণপূর্বক ই-প্রকাশ্য নিলামে অংশগ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আদেশক্রমে,
কমিশনার অব কাস্টমস
কাস্টমস হাউস, চট্টগ্রাম।

Scanned with CamScanner